

524

ঢাঃ বিঃ সিনেট নির্বাচন

বিভিন্ন প্যানেলের প্রচারণা
জমে উঠেছে

(নিজস্ব বার্তা পরিবেশক)

ঢাকা বিশ্ববিদ্যালয় সিনেটে রেজিস্টার্ড গ্রাজুয়েট প্রতিনিধি নির্বাচনে বিভিন্ন প্যানেলের প্রচারণা জমে উঠেছে। বিভিন্ন প্যানেলে প্রতিদ্বন্দ্বী প্রার্থীরা ব্যাপক গণসংযোগে অংশ নিচ্ছেন। প্রার্থীরা বিভিন্ন এলাকায় গিয়ে রেজিস্টার্ড গ্রাজুয়েটদের সাথে মতবিনিময় করছেন।

গতকাল রোববারও প্যানেলগুলো ব্যাপক জনসংযোগ অভিযান চালায়। বাঙালি জাতীয়তাবাদ ও মুক্তিযুদ্ধের সপক্ষে গণ-তান্ত্রিক ঐক্য পরিষদ মনোনীত ২৫ জন প্রার্থীর এক প্যানেল পরিচিতি সভা গতকাল নারায়ণগঞ্জ বার লাইব্রেরি মিলনায়তনে অনুষ্ঠিত হয়। এতে প্রার্থীদের মধ্য থেকে বক্তব্য রাখেন এডভোকেট সৈয়দ আহমদ, ডঃ ম. আখতারুজ্জামান, ডঃ রঙ্গলাল সেন, শামসুজ্জামান খান, ডঃ হারুন-অর-রশিদ, রামেন্দু মজুমদার, আবুল কালাম আজাদ (ইত্তেফাক), অধ্যাপিকা মাহফুজা খানম, এডভোকেট আবদুস সালাম তালুকদার, ডঃ কাজী ফারুক আহমেদ, হাবিবুর রহমান খান, বাহালুল মজনুন চন্দ্র, ডঃ আনোয়ার হোসেন, খালেদা হাবিব, শামসুল হক উইয়া, মোঃ অহিদুজ্জামান চান, নীলুফার বেগম, লায়লা নার্গিস (লায়লা হাসান)। রেজিস্টার্ড গ্রাজুয়েট ও সুধীজনদের পক্ষ থেকে বক্তব্য রাখেন জেলা মুক্তিযোদ্ধা সংসদের ডেপুটি কমান্ডার শামি উল্লাহ মিলন, জেলা আয়কর বারের সাধারণ সম্পাদক এডভোকেট আবদুর রাজ্জাক, এডভোকেট খোকন সাহা, জেলা বঙ্গবন্ধু পরিষদের সাধারণ সম্পাদক আবদুর রহমান প্রমুখ।

অন্যদিকে প্রগতি পরিষদ নির্বাচন পরিচালনা পরিষদের এক জরুরি সভা গতকাল প্রফেসর সিরাজুল ইসলাম চৌধুরীর সভাপতিত্বে আজিজ সুপার মার্কেটস্থ অস্থায়ী কার্যালয়ে অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত ছিলেন প্রফেসর নুরুল ইসলাম, আবু সাঈদ খান, আবদুল কাদের, এডভোকেট জিনাত আলী, আবু তাহের বকুল, বীণা শিকদার, মাহবুবুল হক রিপন প্রমুখ।

প্রগতি পরিষদ মনোনীত প্রার্থীদের গতকাল ঢাকার মতিঝিল ও নারায়ণগঞ্জে রেজিস্টার্ড গ্রাজুয়েটদের সাথে মতবিনিময় ও জনসংযোগে অংশ নেন। কর্মসূচিতে অংশ নেন প্রগতি পরিষদ প্রার্থীদের মধ্যে হাবিবুর রহমান (মিলন), অধ্যাপিকা আফরোজান নাহার (রাশেদা), ডঃ মুহাম্মদ মুশতাক হোসেন, রফিকুল ইসলাম, ফেরদৌস আরা (মিনি), আবদুল্লাহ আল কাফী (রতন), মোঃ আবুল খায়ের (সিদ্দিকী) প্রমুখ।